ইত্তেফাক

তারিখ 06 MAR 1986
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

072

### ৩ লক্ষ ৬৯ হাজার ৯ শত ৪ জন পরীক্ষার্থী

# আজ সারাদেশে এস এস সি পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

সারাদেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৮৬ সালের এস এস সি পরীক্ষা আজ (বৃহস্পতিবার) শুরু হইবে। মোট ৩ লক্ষ ৬৯ হাজার ৯ শত ৪ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নিবে। গতকাল রাত্রে ৪টি শিক্ষা বোর্ডের সহিত যোগাযোগ করিয়া জানা গিয়াছে, সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। আজ সকল বোর্ডেই বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হইবে। পরীক্ষা কেন্দ্রের ২ শত গজের মধ্যে ১৪৪ ধারা জারি করা হইয়াছে।

কিছু সংখ্যক শিক্ষকের ধর্মঘট ও বাধা-বিপত্তির মুখে পৌনে ৪ লক্ষ শিক্ষার্থীর এই পরীক্ষা আয়োজিত হইয়াছে।

ঢাকা শহরের এসএসসি পরীক্ষার্থীদের আসন তালিকা ৪র্থ পাতায়

ইতিমধ্যে অধিকাংশ পরীক্ষার্থীর হাতে প্রবেশপত্র পৌঁছাইয়া গিয়াছে। যাহারা এখনো প্রবেশপত্র পায় নাই তাহারা আজ পরীক্ষা কেন্দ্র হইতে প্রবেশপত্র সংগ্রহ করিতে পারিবে। ইতিমধ্যে সকল পরীক্ষা কেন্দ্রে প্রবেশপত্র, প্রশ্নপত্র ও খাতা পৌঁছিয়া গিয়াছে।

পরীক্ষা গ্রহণের দায়িত্ব জেলা প্রশাসকদের উপর অর্পণ করা হইয়াছে। বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের একাংশ ধর্মঘটরত

(২য় পৃঃ দ্রঃ)

## এস এস সি

( ১ম পৃঃ পর )

থাকায় বিকল্প ব্যবস্থা হিসাবে সরকারী স্কুল ও কলেজ শিক্ষক, সরকারী অফিসার ও সিনিয়র প্রাথমিক শিক্ষকদের ইনভিজিলেটরের দায়িত্ব পালনের জন্য নিয়োগ করা হইয়াছে।

কুমিল্লা বোর্ডে ৮৬ হাজার ৬ শত ৬৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিবে। কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান গত রাত্রে জানাইয়াছেন, এই বোর্ডের সকল কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের প্রস্তুতি সম্পন্ন হইয়াছে। দুই-একটি ঘটনা ছাড়া কোন সমস্যা সৃষ্টি হয় নাই। রাউজান কেন্দ্রের প্রধান শিক্ষক প্রবেশপত্র বিতরণ না করিয়া অন্যত্র চলিয়া গিয়াছিলেন। সেখানে প্রবেশপত্রের অনুলিপি প্রেরণ করা হইয়াছে। পরীক্ষা কেন্দ্রগুলিতে পর্যাপ্ত পুলিশ, আনসার ছাড়াও শহরাঞ্চলের পরীক্ষা কেন্দ্রগুলির জন্য পুলিশের মোবাইল ইউনিট থাকিবে।

যশোর বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা ৮০ হাজার ৯ শত ৭৪। যশোর বোর্ডের চেয়ারম্যান নির্বিঘ্নে পরীক্ষা অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন করার কথা অবহিত করিয়া গত রাত্রে জানাইয়াছেন, কেবল লালমোহন কেন্দ্রে খাতা পৌঁছায় নাই। সেখানে চরফ্যাশন ও ভোলা কেন্দ্র হইতে খাতা প্রেরণের ব্যবস্থা করা হইয়াছে।

রাজশাহী বোর্ডের চেয়ারম্যান এবং ঢাকা বোর্ডের কন্ট্রোলারও জানাইয়াছেন, সকল প্রস্তুতি সম্পন্ন হইয়াছে। কোথাও কোন সমস্যা নাই। রাজশাহী বোর্ড হইতে ৯০ হাজার ৪ শত ৮২ জন এবং ঢাকা বোর্ড হইতে ১ লক্ষ ১১ হাজার ৭ শত ৮৩ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিবে।

ঢাকা শহরে ৬৯ হাজার পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিবে। ঢাকা শহরে ৫টি কেন্দ্রের অধীনে ৪১টি উপকেন্দ্র রহিয়াছে।